75

দৈনিক ইত্তেফাক

তারিখ ... AUG. 0[illegible] 19[illegible] ...
পৃঃ ১৬ কলাম ৬...

# 'মাদ্রাসা শিক্ষা সম্পর্কে স্বার্থান্বেষী মহল ভিত্তিহীন অপপ্রচার চালাইতেছে'

বাসস ॥ সরকার সময়ের প্রয়োজন অনুযায়ী মাদ্রাসা শিক্ষাকে আধুনিকায়নের জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করিয়াছে। কোন মাদ্রাসা বন্ধের ইচ্ছা সরকারের নাই। বরং সরকার মাদ্রাসা শিক্ষার মান উন্নয়নের চেষ্টা চালাইতেছে। এই উদ্দেশ্যে মাদ্রাসা শিক্ষা বোর্ডের পাঠ্যসূচীতে মাদ্রাসা ছাত্রদের জন্য ধর্মীয় শিক্ষার সাথে সাথে ইংরেজী,

(১৫শ পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

## মাদ্রাসা শিক্ষা

(শেষ পৃষ্ঠার পর)

বাংলা, অংক, সাধারণ বিজ্ঞান, কৃষি, কম্পিউটার বিজ্ঞান প্রভৃতি বিষয় অন্তর্ভুক্ত করা হইয়াছে। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে বলা হয়, মাদ্রাসা শিক্ষা সম্পর্কে বর্তমান সরকারের পদক্ষেপের ব্যাপারে স্বার্থান্বেষী মহল ভিত্তিহীন অপপ্রচার চালাইতেছে। অসৎ রাজনৈতিক উদ্দেশ্য হাসিলের জন্য এই ধরনের প্রচারণা চালানো হইতেছে। গত তিন বছরে সরকার মাদ্রাসা শিক্ষার উন্নয়নে উল্লেখযোগ্য পরিমাণে বরাদ্দ বৃদ্ধি করিয়াছে।

বাংলাদেশ ব্যুরো অব এডুকেশনাল ইনফরমেশন এন্ড ষ্ট্যাটিষ্টিকসের সাম্প্রতিক এক হিসাবে বলা হয়, একজন মাদ্রাসা ছাত্রের জন্য বছরে ৬ হাজার ৯০০ টাকা খরচ হয়। অথচ একজন স্কুল ছাত্রের ক্ষেত্রে এই ব্যয় ২ হাজার ৮৪১ টাকা। কিছু কিছু মাদ্রাসার বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগের প্রেক্ষিতে সরেজমিনে যথাযথ তদন্তের পর সরকার সম্প্রতি ২৫১টি মাদ্রাসার অনুমোদন বাতিল ও এমপিও স্থগিত করে। একই কারণে শতাধিক বেসরকারী রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের বিরুদ্ধেও ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে বলা হয়, বিভিন্ন মাদ্রাসার বিরুদ্ধে গৃহীত ব্যবস্থা সাবেক সরকারের আমলে গৃহীত ব্যবস্থারই চলমান পদক্ষেপ। খালেদা জিয়ার সরকারের আমলে মাদ্রাসায় বিরাজমান অনিয়ম তদন্তের জন্য '৯৫ সালের ২০শে এপ্রিল ৪টি তদন্ত কমিটি গঠন করা হয়।